অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/1/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোচুল নিউ ইয়র্ক রাজ্যের সবেতন পারিবারিক ছুটির সম্প্রসারণকারী আইনে স্বাক্ষর করেন

আইন S.2928-A/A.06098-A একটি গুরুতর স্বাস্থ্যের সমস্যা সহ কর্মীদেরকে ভাইবোনদের যত্ন নিতে সক্ষম করার জন্য বর্তমান আইনের সম্প্রসারণ করে

গভর্নর ক্যাথি হোচুল আজ একটি বিল (S.2928-A/A.06098-A) এ স্বাক্ষর করেছেন যা ভাইবোনদের যত্ন নেওয়ার অনুমতি দেওয়ার জন্য নিউ ইয়র্ক রাজ্যের সবেতন পারিবারিক ছুটির আইনকে প্রসারিত করে। বর্তমান আইনের অধীনে, কর্মচারীরা গুরুতর স্বাস্থ্যের সমস্যা সহ একজন ভাইবোনের যত্ন নেওয়ার জন্য ছুটি নিতে পারেন না।

"আপনার পরিবারের যত্ন নেওয়া একটি মৌলিক মানবাধিকার, কাউকেই একজন প্রিয়জনের যত্ন নেওয়া এবং বেতনের মধ্যে বেছে নেওয়ার অবস্থায় পরা উচিত নয়।" **গভর্নর হোচুল বলেছেন।** "সবেতন পারিবারিক ছুটি বাড়ানোর জন্য লড়াই করা আমার এবং আরও অনেকের কাছে একটি ব্যক্তিগত বিষয়, এবং নিউ ইয়র্কবাসীরা এখন তাদের চাকরি বা আয় হারানোর ভয় ছাড়াই তাদের ভাইবোনদের যত্ন নিতে পারে তা নিশ্চিত করার জন্য আইনজীবী এবং আইন প্রণেতাদের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত।"

এই বিলটি সবেতন পারিবারিক ছুটির আইনের উপর ভিত্তি করে গড়ে তুলেছে যা 2016 সালে প্রণীত হয়েছিল, যা দেশের সব চেয়ে ব্যাপক সবেতন পারিবারিক ছুটির প্রোগ্রাম তৈরি করেছে। 2018 সাল থেকে কার্যকর, নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটির প্রোগ্রাম হল কর্মচারী-প্রদত্ত বীমা যা কর্মীদের চাকরি-সুরক্ষিত, সবেতন ছুটি প্রদান করে সদ্যজাত, দত্তক নেওয়া বা পালিত সন্তানের সাথে বন্ধন গড়ে তোলার জন্য; গুরুতর স্বাস্থ্যের সমস্যা সহ পরিবারের সদস্যের যত্ন নেওয়ার জন্য (যাতে কোভিড-19-এর গুরুতর কেসগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে), বা যখন পরিবারের কোনও সদস্য সক্রিয় সামরিক পরিষেবায় বিদেশে নিযুক্ত হন তখন প্রিয়জনদের সহায়তা করার জন্য। কোনো কর্মচারী বা তাদের অপ্রাপ্তবয়স্ক, নির্ভরশীল সন্তান কোভিড-19 এর কারণে কোয়ারেন্টাইন বা বিচ্ছিন্নতার আদেশের অধীনে থাকা অবস্থার মত কিছু পরিস্থিতিতেও সবেতন পারিবারিক ছুটি পাওয়া যেতে পারে। যোগ্য কর্মীরা প্রয়োজনের সময়ে পরিবারের সদস্যদের যত্ন নেওয়ার জন্য তাদের বেতনের 67% (একটি উর্দ্ধসীমা পর্যন্ত) 12 সপ্তাহ অবধি ছুটি নিতে পারেন।

বর্তমানে, সবেতন পারিবারিক ছুটির পারিবারিক পরিচর্যা সেই স্বামী/স্ত্রী, ঘরোয়া অংশীদার, সন্তান এবং সৎ-সন্তান, বাবা-মা, শ্বশুর-শাশুড়ি, দাদা-দাদি এবং নাতি-নাতনিদের জন্য পরিচর্যা কভার করে যাদের গুরুতর স্বাস্থ্যগত সমস্যা আছে। আইন S.2928-A/A.06098-A এর মাধ্যমে, "পরিবারের সদস্যদের" সংজ্ঞা ভাইবোনদের অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত হয়। এর মধ্যে জৈবিক ভাইবোন, দত্তক নেওয়া ভাইবোন, সৎ-ভাইবোন এবং অর্ধ-ভাইবোন অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবারের সদস্যরা নিউ ইয়র্ক স্টেটের বাইরে এমনকি দেশের বাইরেও থাকতে পারেন।

বিলটি 1 জানুয়ারী, 2023 থেকে কার্যকর হবে।

স্টেট সিনেটর জোসেফ পি. আড্ডাব্বো বলেন, "নিউ ইয়র্ক যখন সবেতন পারিবারিক ছুটি প্রবর্তন করে 2016 সালে, এটি এই ধরণের প্রোগ্রামগুলির মধ্যে সব চেয়ে বিস্তৃত প্রোগ্রামগুলির মধ্যে একটি ছিল। এখন এই বিল পাস করার মাধ্যমে, আমাদের রাজ্যের সবেতন পারিবারিক ছুটির প্রোগ্রাম আরো শক্তিশালী। ভাইবোন — জৈবিক বা দত্তক নেওয়া — পারিবারিক কাঠামোর অত্যাবশ্যক সদস্য এবং কখনও কখনও কিছু লোকের একমাত্র পরিবার হয়। এখন তাদের আমাদের সবেতন পারিবারিক ছুটির প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা পরিবারগুলিকে আরও আশ্বাস দেয় যে যদি কোনও ভাইবোনের কিছু ঘটে, তাহলে তারা তাদের পরিবারের সদস্যের যত্ন নেওয়ার জন্য প্রয়োজনীয় সময় নিতে সক্ষম হবে। রাজ্য সিনেটে এই বিলটিকে স্পনসর করতে পেরে আমি গর্বিত এবং এটি পাস করতে সাহায্য করার জন্য আমার সহকর্মীদের, এবং এই ইতিমধ্যেই শক্তিশালী প্রোগ্রামে ভাইবোনদের যোগ করার গুরুত্ব উপলব্ধি করার জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ জানাই।"

বিধানসভার সদস্য স্যান্ডি গ্যালেফ বলেছেন, "যে দৃঢ় বন্ধন ভাইবোনরা শেয়ার করে তা অনস্বীকার্য। অনেক ব্যক্তির জন্য ভাইবোনরাই তাদের প্রয়োজনের সময়ে সহায়তা এবং স্বাস্থ্যসেবা প্রদানের জন্য উপলব্ধ পরিবারের একমাত্র সদস্য হতে পারে এবং কোভিড মহামারী চলাকালীন এটি প্রায়শই ঘটেছে। ভাইবোনদের অন্তর্ভুক্ত করার জন্য পরিবারের সংজ্ঞা প্রসারিত করে এই আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে ধন্যবাদ। যাদের গুরুতর স্বাস্থ্য সমস্যা রয়েছে তাদের ভাই বা বোনরা চাকরি বা বেতন না হারিয়ে পরিচর্যা নিতে পারেন তা নিশ্চিত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক আবারও একটি নেতা বলে নিজেকে প্রতিপন্ন করল। এটি NY-এর প্রদত্ত পারিবারিক ছুটি আইনের একটি যত্নশীল এবং সহানুভূতিশীল সংযোজন।"

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কার্স কমপেনসেশন বোর্ডের (New York State Workers' Compensation Board) চেয়ার পার্সন ক্লারিসা এম. রদ্রিগেজ বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট পেইড ফ্যামিলি লিভ 2018 সালে কার্যকর হওয়ার পর থেকে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে তাদের পরিবারের সদস্যদের পরিচর্যা করতে সাহায্য করেছে। এই বিলটি নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় সবেতন পারিবারিক ছুটিকে আরও শক্তিশালী করে, আরও বেশি পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের চাকরি-সুরক্ষিত, সবেতন অবকাশের সুযোগ করে যাতে তারা গুরুতর স্বাস্থ্য সমস্যা সহ ভাই বা বোনের গুরুটয়পুর্ন সহায়তা প্রদান করতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ লেবার (New York State Department of Labor) কমিশনার রবার্টা রিয়ার্ডন বলেছেন, "নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটি আমাদের দেশ

জুড়ে একটি মডেল হয়ে থেকেছে কর্মরত পরিবারগুলিকে সাহায্য করার ক্ষেত্রে, এবং আমি গভর্নর হোচুলকে পরিবারের সংজ্ঞা প্রসারিত করে ভাইবোনদের অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে তার নেতৃত্বের জন্য প্রশংসা করি। এই গত দেড় বছর পরিচর্যাকারীদের জন্য বিশেষভাবে কঠিন ছিল, এবং আয়ের ক্ষতি নিউ ইয়র্কবাসীদের জন্য ধ্বংসাত্মক হতে পারে যাদের পরিবারের একজন অসুস্থ সদস্যের যত্ন নিতে হবে। এই কষ্ট কমানোর জন্য এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

এ বেটার ব্যালেন্সের (A Better Balance) সহ-প্রতিষ্ঠাতা এবং সহ-সভাপতি ডিনা বাকস্ট বলেছেন, "এ বেটার ব্যালেন্স নিউ ইয়র্কের মাইলফলকসম সবেতন পারিবারিক ছুটির আইনের অধীনে, যা 2016 সালে আমরা গর্বিতভাবে পাস করতে সাহায্য করেছি, ভাইবোনদের অন্তর্ভুক্ত করার পথের নেতৃত্ব দেওয়ার জন্য এবং আইনে স্বাক্ষর করার জন্য গভর্নর হোচুলকে সাধুবাদ জানায় । একটি মহামারী, শ্রমের ঘাটতি এবং পরিচর্যার সংকটের মধ্যে, এই গুরুত্বপূর্ণ আইনটি নিউ ইয়র্কবাসীদের, বিশেষ করে মহিলাদের জন্য, যাদের গুরুতর অসুস্থ প্রিয়জন বা তাদের নতুন সন্তানের যত্ন নেওয়ার জন্য সময় প্রয়োজন, তাদের জন্য সম্ভাব্য সব চেয়ে শক্তিশালী সুরক্ষা নিশ্চিত করতে সাহায্য করবে। কংগ্রেসের উচিত নিউ ইয়র্কের নেতৃত্ব অনুসরণ করা এবং একটি শক্তিশালী সবেতন পারিবারিক ছুটির আইন প্রণয়ন করা, সেই সাথে বিলম্ব না করে প্রেগন্যান্ট ওয়ার্কার্স ফেয়ারনেস অ্যাক্ট পাস করে গর্ভাবস্থা এবং প্রসবের সময় কর্মীদের সহায়তা করা। আমরা এই অপরিহার্য ব্যবস্থাগুলি ছাড়া আরও ভালভাবে গড়ে তুলতে পারি না।"

আমেরিকান অ্যাসোসিয়েশন অফ রিটায়ার্ড পার্সনসের (American Association of Retired Persons, AARP) নিউ ইয়র্ক স্টেট (AARP New York State) ডিরেক্টর বেথ ফিঙ্কেল বলেছেন, "সবেতন পারিবারিক ছুটি সহানুভূতিশীল এবং সাশ্রয়ী, এবং AARP নিউ ইয়র্কের গভর্নর হোচুলকে সাধুবাদ জানায় এই নতুন আইনে স্বাক্ষর করার জন্য যা নিউ ইয়র্কের ইতিমধ্যেই শক্তিশালী কর্মসূচিকে ভাইবোনদের অন্তর্ভুক্ত করার জন্য বিস্তৃত করেছে। নিউ ইয়র্ক জুড়ে 2.5 মিলিয়ন অবৈতনিক পারিবারিক পরিচর্যাকারীদের প্রদান করা পরিচর্যা যার মূল্য বছরে 31 বিলিয়ন ডলারেরও বেশি, সেই পরিচর্যাকারীদের আমাদের সমর্থন করার জন্য যথাসাধ্য করা উচিত। পরিবারের কোনো সদস্য যিনি প্রিয়জনের যত্ন নেন তাকে সবেতন পারিবারিক ছুটি থেকে বাদ দেওয়া উচিত নয়। এটি কর্মচারী, নিয়োগকর্তা এবং করদাতাদের সাহায্য করে আরও বেশি উত্পাদনশীল কর্মক্ষেত্র উৎসাহিত করে এবং কর্মীদের তাদের প্রিয়জনদের জন্য অমূল্য পরিচর্যা প্রদানের জন্য তাদের প্রয়োজনীয় মানসিক শান্তি প্রদান করে - যা নিউ ইয়র্কবাসীদের বাড়িতে মর্যাদা এবং স্বাধীনতার সাথে বয়োবৃদ্ধি করতে সক্ষম করে, অনেক বেশি ব্যয়বহুল এবং করদাতাদের দ্বারা অর্থায়ন করা নার্সিং হোমগুলির বদলে।"

নিউ ইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের (New York Civil Liberties Union) সিনিয়র লেজিসলেটিভ অ্যাটর্নি লিসা জুকার বলেছেন, "সবেতন পারিবারিক ছুটি একটি কাজের সুবিধা নয়: এটি একটি কর্মীদের অধিকার এবং লিঙ্গ সমতার আবশ্যকতা। নারীরা অসমনুপাতিকভাবে পারিবারিক পরিচর্যার বোঝা বহন করে চলেছেন, এবং সমস্ত পরিবারের সমর্থন প্রয়োজন যা এই বিষয়কে স্বীকৃতি দেয় যে কাঠামো এবং দায়িত্বগুলি পরিবারগুলির মধ্যে পরিবর্তিত হয়। যেহেতু ইউনাইটেড স্টেটসই একমাত্র উন্নত দেশ যেটি ফেডারেল সবেতন পারিবারিক ছুটি প্রদান করে না, আজ আমাদের রাজ্য একটি সাহসী পদক্ষেপ নিয়েছে নিশ্চিত

করার জন্য যে কোনও নিউ ইয়র্কবাসীর যেন তাদের বেতন এবং তাদের পরিবারের পরিচর্যা করার মধ্যে বেছে নেওয়ার প্রয়োজন না হয়।"

আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট অ্যাড্রিয়েন এ. হ্যারিস বলেছেন, "নিউ ইয়র্কের সবেতন পারিবারিক ছুটির প্রোগ্রাম পরিবারগুলিকে তাদের প্রিয়জনের পরিচর্যা করার জন্য, আর্থিক স্থিতিশীলতা বজায় রাখার জন্য এবং যাদের সব চেয়ে বেশি প্রয়োজন তাদের স্বাধীনতা রক্ষা করার জন্য সবেতন ছুটি নেওয়া সক্ষম করেছে। ভাইবোনদের অন্তর্ভুক্ত করে নিউ ইয়র্কের দেশের-নেতৃস্থানীয় সবেতন পারিবারিক ছুটির সম্প্রসারণ পরিবারের জন্য অতিরিক্ত নমনীয়তা প্রদান করে যখন আমরা সবাই কোভিড-19 থেকে পুনর্গঠন এবং পুনরুদ্ধারের জন্য কাজ করি। আমি এই নতুন আইনের জন্য গভর্নর হোচুল এবং আইনসভাকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পেইড সবেতন পারিবারিক ছুটি সম্পর্কে সম্পূর্ণ বিশদ বিবরণের জন্য, দেখুন PaidFamilyLeave.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418